

**বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের**  
**রেসিডেন্সি প্রোগ্রামের শিক্ষার্থীদের বরণ ও পরিচিতি অনুষ্ঠান (ইনডাকশন প্রোগ্রাম) ২০১৯ অনুষ্ঠিত**

যুদ্ধান্তের কারখানা, তেলের খনি নয়; সবচাইতে বড় সম্পদ হলো জ্ঞান: উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া  
“দরদী মন নিয়ে যথাযথ চিকিৎসা সেবা প্রদানের মাধ্যমে রোগীদেরকে মুখে হাসি ফোটাতে হবে”

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া বলেছেন, যুদ্ধান্তের কারখানা, তেলের খনি নয়; সবচাইতে বড় সম্পদ হলো জ্ঞান। এই জ্ঞান অর্জনের দিকে সবচাইতে বেশি গুরুত্ব দিতে হবে। অর্জিত জ্ঞানকে কাজে লাগিয়ে জাতির জনকের নামে প্রতিষ্ঠিত বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়কে চিকিৎসাসেবা, চিকিৎসা শিক্ষা ও গবেষণায় বিশ্বমানে নিয়ে যেতে হবে এবং বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়সহ দেশের সকল মেডিক্যাল শিক্ষা প্রতিষ্ঠান ও হাসপাতালে আসা রোগীদেরকে দরদী মন নিয়ে যথাযথ চিকিৎসা সেবা প্রদানের মাধ্যমে তাঁদের মুখে হাসি ফোটাতে হবে। আজ শনিবার ২ মার্চ ২০১৯ইং তারিখ সকাল ৯টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ)’র এ ব্লকের অডিটোরিয়ামে অনুষ্ঠিত সমগ্র দেশের মেডিক্যাল শিক্ষায় উচ্চতর ডিগ্রি অর্জনের অভিপ্রায়ে মার্চ ২০১৯ সেশনে ভর্তিকৃত রেসিডেন্সি প্রোগ্রামের (Residency programme) শিক্ষার্থীদের ইনডাকশন (Induction) (বরণ ও পরিচিতি অনুষ্ঠান) প্রোগ্রামে সভাপতির বক্তব্যে মাননীয় উপাচার্য এসব কথা বলেন। গুরুত্বপূর্ণ এই ইনডাকশন প্রোগ্রামে অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. সাহানা আখতার রহমান, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মুহাম্মদ রফিকুল আলম, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আতিকুর রহমান, সার্জারি অনুষদের ডীন অধ্যাপক ডা. মোঃ জুলফিকার রহমান খান, মেডিসিন অনুষদের ডীন অধ্যাপক ডা. জিলন মিঞা সরকার, ডেন্টাল অনুষদের ডীন অধ্যাপক ডা. মোঃ গাজী শামীম হাসান, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. সৈয়দ মোজাফফর আহমেদসহ সম্মানিত ডীনবন্দ, বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবন্দ ও ছাত্রছাত্রীবন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, গুরুত্বপূর্ণ এ অনুষ্ঠানে অনুষ্ঠানে সারা দেশের ২৮টি মেডিক্যাল শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন অনুষদের ৫৭ বিভাগের ১৩ জন বিদেশী ছাত্রছাত্রীসহ সহস্রাধিক (১০৯৪ জন) মেডিক্যাল শিক্ষার্থীবন্দ, সম্মানিত ডীনবন্দ, কোর্স ডাইরেক্টরগণ, (বিএসএমএমইউ)’র অধিভুক্ত কলেজের প্রধানগণ, এই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের চেয়ারম্যান ও শিক্ষকবন্দ অংশগ্রহণ করেন। সম্মানিত ডীনবন্দ নিজ নিজ অনুষদের ছাত্রছাত্রীদের পরিচয় করিয়ে দেন। দেশের শিক্ষার্থীদের মধ্যে রয়েছে সার্জারি অনুষদে ৪৪২ জন, বেসিক সায়েন্স ও প্যারা ক্লিনিক্যাল সায়েন্স অনুষদে ১১৮ জন, মেডিসিন অনুষদে ৩৬৩ জন, ডেন্টাল অনুষদে ৪৬ জন এবং শিশু অনুষদে ১১২ জন শিক্ষার্থী ইনডাকশন প্রোগ্রামে অংশ নেন। উল্লেখ্য, শিক্ষার্থীবন্দ সকলেই এমবিবিএস, বিডিএস ডিগ্রী অর্জনকারী সম্মানিত চিকিৎসকবন্দ।

